ওঁ ব্রহ্ম কৃপাহি কেবলম্

# সাধারণ ব্রাহ্মসমাজ

২১১, বিধান সরণি, কলকাতা-৭০০ ০০৬

ফোন ঃ ২২৪১ ২২৮০

## ১৮৭তম মাঘোৎসব, ১৪২৩

সবিনয় নিবেদন,

পৃথিবীব্যাপী স্বার্থ লোভ হিংসার বহ্নিযজ্ঞের ভিতর দিয়া জাতিতে জাতিতে ঐক্য ও মৈত্রীর প্রবল আকাঙ্খার মহাসত্যটি আজ স্পষ্ট হইয়া উঠিয়াছে। ভারতবর্ষের মুক্তিতীর্থে যুগে যুগে প্রেমমিলন বাণী ধ্বনিত হইয়াছে। এ যুগে সেই মহামন্ত্র ঘোষণা করিয়াছিলেন মহাত্মা রাজা রামমোহন রায়। তিনি এক অদ্বিতীয় নিরাকার চৈতন্যস্বরূপ, জগতের স্রষ্টা, পালয়িতা পরমেশ্বরের উপাসনার জন্য, মানব হৃদয়ের সকল বৃত্তিগুলির বিকাশের জন্য এবং বিশ্বমানবের ঐক্য উপলব্ধি করিবার জন্য ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন এবং আজ হইতে ১৮৭ বৎসর পূর্বে সকল দেশ ও সকল জাতিকে এই সার্বভৌমিক ধর্মের উদার ক্ষেত্রে মিলিত করিবার উদ্দেশ্যে ব্রহ্মমন্দির প্রতিষ্ঠিত হয়। আজ সেই মহান প্রচেষ্টার পুণ্য স্মরণোৎসব সমাগত।

আজ চারিদিকের অশান্তি ও বিশেষভাবে নানা স্থানে ভ্রাতৃবিরোধ দ্বারা কলঙ্কিত ভারতের এই দুর্দিনে রামমোহন প্রতিষ্ঠিত সর্বজনীন মিলনধর্মের আদর্শ কঠিন বীর্যের পথে সকলকে অহিংসা ও প্রেমের ক্ষেত্রে আহ্বান করিতেছে। এই আদর্শ পালনের সংকল্প গ্রহণ করিবার জন্য এই মাঘোৎসবে আমরা সকলে মিলিত হইব। সকলের অভ্যন্তরে ভক্তিতে ও ঐকান্তিক ব্যাকুলতায় এই উৎসব সফল হইয়া উঠুক।

এই উৎসবে সর্বসাধারণকে সাদর নিমন্ত্রণ করিতেছি।

শমিতা দাস — সম্পাদক
সলিল কুমার হাজরা — কোষাধ্যক্ষ
সাধারণ ব্রাহ্মসমাজ

মধুলিকা ঘোষ, মৌমিতা গুহ কৌশিক দে, তমালী বোস
বিশ্বজিত রায়, সুব্রত দত্ত, প্রণবরঞ্জন রায়, রাহুল বোস
মিতালী গাঙ্গুলী, সুপ্রতিম চক্রবর্তী
যুগ্ম সম্পাদক
১৮৭ তম মাঘোৎসব কমিটি

---

মাঘোৎসবের প্রীতিভোজের জন্য চাল ও অর্থ সাহায্যের জন্য অনুরোধ করা হইয়াছে। মাঘোৎসব উপলক্ষে ৪ঠা মাঘ হইতে ১২ই মাঘ পর্যন্ত যাত্রীনিবাস খোলা থাকিবে। উৎসবে যোগদানেচ্ছু মফঃস্বলের বন্ধুগণ যাত্রীনিবাসে থাকিতে ইচ্ছুক হইলে ১৫ই জানুয়ারী, ২০১৭-এর মধ্যে সাধারণ ব্রাহ্মসমাজ অফিসে যোগাযোগ করুন।

# সাধারণ ব্রাহ্মসমাজ

## ১৮৭ মাঘোৎসব, ১৪২৩ (২০১৭ খ্রীঃ)

## কার্যসূচী

**মাঘোৎসবের প্রস্তুতি :**

১লা মাঘ হইতে ৩রা মাঘ (১৫ই-১৭ই জানুয়ারী, ২০১৭) ব্রাহ্মবালিকা শিক্ষালয়, সিটি কলেজ স্কুল, ব্রাহ্ম সমাজ পরিচালিত কলেজ সমূহ, ব্রাহ্ম সমাজ মহিলাভবন (কলকাতা, ও কোন্নগর) ব্রাহ্ম প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, ব্রাহ্মসমাজ বাল্যভবন ও বিভিন্ন ব্রাহ্ম পরিবারে উপাসনা।

৭ই জানুয়ারী, ২০১৭ শনিবার — সন্ধ্যা ৬.৩০ মিঃ সাধনাশ্রমের প্রস্তুতির উপাসনা

৭ই জানুয়ারী, ২০১৭ শনিবার — সন্ধ্যা ৬.৩০ মিঃ ভবানীপুর পদ্মপুকুর সমাজে প্রস্তুতির উপাসনা।

৮ই জানুয়ারী, ২০১৭ রবিবার — সকাল ১১.০০ মিঃ শ্রীমতি খুকু রায়ের বাসভবনে প্রস্তুতির উপাসনা
ঠিকানা - ৩১বি, বেচারাম চ্যাটার্জি রোড, কলকাতা - ৭০০ ০৩৪,
বেহালা ট্রাম ডিপো স্টপেজ, মোবাইল ঃ ৯৪৩৩১০১৪৪৯

৮ই জানুয়ারী, ২০১৭ রবিবার—সকাল ১১.০০ মিঃ কল্যাণময়ী চট্টোপাধ্যায়ের বাসভবনে প্রস্তুতির উপাসনা (পলতা)

১৫ই জানুয়ারী, ২০১৭ রবিবার — সকাল ১০.৩০ মিঃ প্রয়াতা সোফিয়া কাজীর বাসভবনে প্রস্তুতির উপাসনা।

১লা মাঘ, ১২২৩, ১৫ই জানুয়ারী, ২০১৭ রবিবার — সকাল ৯টায় নগর পরিক্রমা।

১৬ই জানুয়ারী, ২০১৭ সোমবার — ব্রাহ্মবালিকা শিক্ষালয়ের প্রস্তুতির উপাসনা।

৩রা মাঘ, ১৪২৩, ১৭ই জানুয়ারী, ২০১৭ মঙ্গলবার

**উৎসবের উদ্বোধন**

সন্ধ্যা ৬.০০ মিঃ কীর্তন ঃ পরিচালনায় শ্রী সুপ্রতীম চক্রবর্তী
সন্ধ্যা ৬.৩০ মিঃ ব্রহ্মোপসনা
আচার্য্য ঃ শ্রীমতি কল্যাণময়ী চট্টোপাধ্যায়
সঙ্গীত—পরিচালনায় শ্রী সুপ্রতীম চক্রবর্তী

৪ঠা মাঘ,১৪২৩, ১৮ই জানুয়ারী, ২০১৭ বুধবার
বিকাল ৫-৩০ মিঃ চিত্র প্রদর্শনী ও তৎপরে আলোচনা সভা
প্রার্থনা ঃ শ্রীমতী সুপ্রিয়া দাস

**—ঃ বিষয় ঃ —**

**ব্রাহ্ম আন্দোলন-সমাজ জীবনে তার প্রতিফলন**

**চিত্র প্রদর্শনীর উদ্বোধন—**

বক্তা— শ্রী সুদীন চট্টোপাধ্যায়
শ্রী জহর সরকার

পুস্তক প্রকাশ—Indian Messenger মাঘোৎসব বিশেষ সংখ্যা।

৫ই মাঘ, ১৪২৩, ১৯শে জানুয়ারী, ২০১৭ বৃহস্পতিবার
সন্ধ্যা ৬.৩০ মিঃ ঃ সঙ্গীতে উপাসনা,
প্রার্থনা ঃ শ্রী সলিল হাজরা
সঙ্গীত ঃ পরিচালনায় শ্রী সুরঞ্জন রায়

৬ই মাঘ, ১৪২৩, ২০শে জানুয়ারী, ২০১৭ শুক্রবার
সন্ধ্যা ৬.৩০ মিঃ "মহর্ষি দিবস" উপলক্ষে বক্তৃতাসভা

**বিষয় ঃ- ব্রাহ্মধর্মের বহমানতার ধারা**

**—"রাজর্ষি রামমোহন থেকে মহর্ষি দেবেন্দ্রাথ"।**

বক্তা ঃ শ্রীপঙ্কজ সাহা

৭ই মাঘ, ১৪২৩, ২১শে জানুয়ারী, ২০১৭ শনিবার
বিকাল ৩.৩০ মিঃ মহিলাভবনের প্রদর্শনীর উদ্বোধন ও
**বার্ষিক অনুষ্ঠান**

সন্ধাঃ৬.৩০ মিঃ সঙ্গীতানুষ্ঠান।
প্রার্থনা ঃ শ্রীমতি সুরূপা দত্ত
সঙ্গীত ঃ "পূর্ব কলকাতা সঞ্চারী"

৮ই মাঘ, ১৪২৩, ২২শে জানুয়ারী, ২০১৭ রবিবার

**সম্মিলিত যুব উৎসব**

সকালঃ৯.৩০ মিঃবৈতালিক
সকালঃ১০.০০ মিঃ উপাসনাঃ আচার্য্য শ্রী অর্ঘ্য ব্রহ্মচারী
সঙ্গীত ঃ ব্রাহ্ম যুব সমিতি
সন্ধ্যা ঃ ৬.৩০ মিঃ উপাসনা
আচার্য্য ঃ শ্রী সঞ্জীব মুখার্জ্জী
সঙ্গীত ঃ শ্রীমতি শুক্লা সেনগুপ্ত, শ্রীমতি সুব্রতা পাল।

৯ই মাঘ, ১৪২৩, ২৩শে জানুয়ারী, ২০১৭ সোমবার

**মহিলাদিগের উদ্যোগে উৎসব**

সকালঃ১০.৩০ মিঃ উপাসনা
আচার্য্য ঃ শ্রীমতি সুতপা রায়চৌধুরী
সঙ্গীত ঃ মহিলাবৃন্দ
সন্ধ্যা ঃ ৬.৩০ মিঃ ব্রহ্মসঙ্গীতানুষ্ঠান "আনন্দ তুমি স্বামী"
প্রার্থনা ঃ শ্রী দেবাশিস রায়চৌধুরী
সঙ্গীত ঃ "বৈকালী" পরিচালনা ঃ শ্রীমতি প্রমিতা মল্লিক

১০ই মাঘ, ১৪২৩, ২৪শে জানুয়ারী, ২০১৭ মঙ্গলবার

**কলিকাতা উপাসক মণ্ডলীর উৎসব**

বিকাল ঃ ৪.৩০ মিঃ স্থান ঃ ব্রাহ্ম বালিকা শিক্ষালয়
প্রার্থনা ও নগর পরিক্রমা
সন্ধ্যা ঃ ৬-৩০ মিঃ উপাসনা
আচার্য ঃ শ্রী অসীম আহমেদ
সঙ্গীত - শ্রী নবনীকান্ত ঘোষ

১১ই মাঘ, ১৪২৩, ২৫শে জানুয়ারী, ২০১৭ বুধবার

**ব্রহ্মমন্দির প্রতিষ্ঠা দিবস**

সকাল ঃ ৮.০০ মিঃ কীর্তন- পরিচালনা শ্রীসুপ্রতীম চক্রবর্তী
সকাল ঃ ৮-৩০ মি ঃ বৈতালিক
সকাল ঃ ৯-৩০ মি ঃ ব্রহ্মোপাসনা
আচার্য্য ঃ শ্রী আশিস কুমার পাইন
সঙ্গীত পরিচালনা ঃ শ্রী কৌশিক দে

**সাধারণ ব্রাহ্মসমাজের উদ্যোগে মহর্ষিভবনে**

**সম্মিলিত মাঘোৎসব**

সন্ধ্যা ঃ ৫-৩০ মিঃ ব্রহ্মোপাসনা
উদ্বোধন ঃ শ্রী অমিত দাস (সাধারণ ব্রাহ্মসমাজ)
আরাধানা ঃ শ্রীমতি সুজাতা ব্যানার্জী (সম্মিলন সমাজ)
নিবেদনও প্রার্থনা ঃ ডাঃ কেতকী গোস্বামী (ভারতবর্ষীয় ব্রহ্মমন্দির)
সঙ্গীত ঃ বৈতালিক শিল্পী গোষ্ঠী।
সন্ধ্যা ঃ ৬.৩০ মিঃ ব্রহ্মোপাসনা
আচার্য্য ঃ শ্রীতপোব্রত ব্রহ্মচারী
সঙ্গীত ঃ সুদেষ্ণা রায়চৌধুরী, খুকু রায়, বনানী গোস্বামী, মনীষা বাগচী, শাশ্বতী বসুমল্লিক, সুপ্রিয়া চক্রবর্তী ও মলয় দাস

১২ই মাঘ, ১৪২৩, ২৬শে জানুয়ারী, ২০১৭ বৃহস্পতিবার

**সাধনাশ্রমের উৎসব**

সকাল ঃ ১০.৩০ মিঃ ব্রহ্মোপাসনা

**বালক-বালিকা সম্মেলন**

দুপুর ঃ ১২-৩০ মিঃ আবৃত্তি, সঙ্গীত ও অঙ্কন প্রতিযোগিতা
বিকাল ঃ ৩.০০ মিঃ পুরস্কার বিতরণী
বিকাল ঃ ৫-৩০ মিঃ ব্রাহ্ম বালিকা শিক্ষালয় মন্তেসরী বিভাগের পরিবেশনায় আনন্দানুষ্ঠান।
সন্ধ্যা ঃ ৬-৩০ মিঃ কিশোর-কিশোরীদের অনুষ্ঠান।

১৩ই মাঘ, ১৪২৩, ২৭শে জানুয়ারী, ২০১৭ শুক্রবার

সন্ধ্যা ৬.৩০ মিঃ —সাধারণ ব্রাহ্মসমাজের সাধারণ সভা
(কেবলমাত্র সভ্যদিগের জন্য)

১৪ই মাঘ, ১৪২৩, ২৮শে জানুয়ারী, ২০১৭ শনিবার

**শান্তিবাচন**

সন্ধ্যা ৬.৩০ মিঃ ঃ ব্রহ্মোপাসনা
আচার্য ঃ শ্রী তপোব্রত ব্রহ্মচারী
সঙ্গীত ঃ ব্রহ্মসঙ্গীত শিক্ষাকেন্দ্র।

বালক বালিকা সম্মেলন

আবৃত্তি, সঙ্গীত ও অঙ্কন প্রতিযোগিতা

আগামী ২৬শে জানুয়ারী, ২০১৭ সাধারণ ব্রাহ্ম সমাজ প্রাঙ্গণে বালক বালিকাদের একটি আবৃত্তি, সঙ্গীত ও অঙ্কন প্রতিযোগিতা হইবে। যোগদানকারী বালক বালিকাগণ ২৬শে জানুয়ারী পূর্বে অথবা ঐদিন ১০.০০টা হইতে ১১-৩০ টার মধ্যে নিজ নাম সমাজ অফিসে তালিকাভুক্ত করিবে। ঐদিন বিকালে পুরস্কার বিতরণী ও আনন্দানুষ্ঠান হইবে।

যোগাযোগ ঃ শ্রীমতী শমিতা দাস

ফোন ঃ ২২৪১ ২২৮০

**নিয়মাবলী**

১। বালক বালিকাদের বয়স অনুসারে তিনটি বিভাগ করা হইয়াছে।

প্রথম বিভাগ ঃ ৪ হইতে ৬ বৎসরের মধ্যে

দ্বিতীয় বিভাগ ঃ ৬ হইতে ৯ বৎসরের মধ্যে

তৃতীয় বিভাগ ঃ ৯ হইতে ১২ বৎসরের মধ্যে

২। **আবৃত্তি**— প্রত্যেকে নিজের নির্বাচিত কবিতা আবৃত্তি করিতে পারিবে, তবে কবিতাটি যেন সুনীতিমূলক হয় এবং তিন মিনিটের অধিক সময় লাগিলে চলিবে না।

৩। **সঙ্গীত**—ব্রহ্মসঙ্গীত হইতে হইবে।কোনো বাদ্যযন্ত্র ব্যবহার করা চলিবে না।

**অঙ্কন**—প্রতিযোগিতার বিষয় ঐ সময় জানানো হইবে। শুধুমাত্র কাগজ দেওয়া হইবে। পেন্সিল, রঙ আনিতে হইবে। প্রথম ও দ্বিতীয় বিভাগের জন্য প্যাস্টেল রঙ ও তৃতীয় বিভাগের জন্য জল রঙ আনিতে হইবে।

প্রতিযোগিতার সময় ঃ বেলা ১২টা হইতে ২টা।

পুরস্কার বিতরণ ও আনন্দানুষ্ঠান ঃ বিকাল ৪টা ব্রাহ্মবন্ধু ও শুভানুধ্যায়ীগণ, সকলে পরিবারের পুত্র কন্যাদের লইয়া এই অনুষ্ঠানে যোগ দিয়া উৎসবকে সফল করুন, এই অনুরোধ করি।

## কিশোর কিশোরীদের অনুষ্ঠান

সঙ্গীত ও আবৃত্তি প্রতিযোগিতা

আগামী মাঘোৎসব উপলক্ষে সাধারণ ব্রাহ্মসমাজে ২৬শে জানুয়ারী, ২০১৭, ১২ হইতে ১৯ বৎসর পর্যন্ত কিশোর কিশোরীদের জন্য একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। এই উপলক্ষে আবৃত্তি ও সঙ্গীত প্রতিযোগিতার ব্যবস্থা করা হইয়াছে। প্রতিযোগিতার বিজয়ীরা ২৬শে জানুয়ারী, ২০১৭ সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় সাধারণ ব্রাহ্মসমাজে আয়োজিত কিশোর কিশোরীদের অনুষ্ঠানে অংশগ্রহণ করিবে।

**নিয়মাবলী**

বিভাগ ক—১২ বৎসরের উর্দ্ধ হইতে ১৫ বৎসর পর্যন্ত

বিভাগ খ— ১৫ বৎসরের উর্দ্ধ হইতে ১৯ বৎসর পর্যন্ত।

ব্রহ্মসঙ্গীত---বিভাগ ক ও খ --- পুজা পর্যাযের রবীন্দ্রসঙ্গীতসহ যে কোনো ব্রহ্মসঙ্গীত

**আবৃত্তি**—রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কবিতা।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নাম পাঠাইবার শেষ দিন ১৮.০১. ২০১৭।

বিশদ বিবরণের জন্য যোগাযোগ ঃ শ্রীমতী শমিতা দাস

২১১, বিধান সরণী, কলকাতা-৭৭ ০০৬

ফোন ঃ ২২৪১-২২৮০

**।। আবেদন।।**

আসন্ন ১৮৭ তম মাঘোৎসব (২০১৭) উপলক্ষে সকল ব্রাহ্মবন্ধু ও শুভানুধ্যায়ীদের নিকট ঐকান্তিক আবেদন যে, বর্তমান ক্রমবর্ধমান দ্রব্যমূল্য হেতু উৎসবের ব্যয় নির্বাহের জন্য মুক্তহস্তে উৎসব তহবিলে দান করুন। যে কোনো দান সাধারণ ব্রাহ্মসমাজ অফিস, ২১১, বিধান সরণী, কলকাতা-৬, এই ঠিকানায় সাদরে গৃহীত হবে। বিনীত —

**শমিতা দাস**

সম্পাদক, সাধারণ ব্রাহ্মসমাজ

ইং ১২ই ফেব্রুয়ারী, ২০১৭ হরিনাভি ব্রাহ্মসমাজের বার্ষিক উৎসব

এবং ইং ১৯শে ফেব্রুয়ারী, ২০১৭ কোন্নগর ব্রাহ্মসমাজের বার্ষিক উৎসব

## সকলকে জানাই মাঘোৎসবের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা

---

১১ই মাঘোৎসবে সঙ্গীতে যোগদানে ইচ্ছুকগণ কৌশিক দে'র সাথে যোগাযোগ করুন ৯৮৩০৩৮১৮৪১